**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আজ থেকে শুরু হয়েছে।**
**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রাজ্য সরকার ত্রিপুরাকে উত্তর পূর্বাঞ্চলে একটি শক্তিশালী চালিকাশক্তি রূপে প্রতিষ্ঠা করার প্রয়াস গ্রহণ করেছে।**
**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নারেঙ্গী-আগরতলা এক্সপ্রেস সহ তিনটি এক্সপ্রেস ট্রেনের যাত্রার সূচনা করছেন।**
**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুয়াহাটি থেকে প্রধানমন্ত্রী-কিষাণ সম্মান নিধির ২২তম কিস্তির টাকা কৃষকদের অ্যাকাউন্টে স্থানান্তর করেন।**
**(৫) আসন্ন এডিসি নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত ।**

*******************************************

**Assembly :**

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন আজ থেকে শুরু হয়েছে। অধিবেশন চলবে আগামী ২৫শে মার্চ পর্যন্ত। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর ভাষনের মধ্য দিয়ে আজ অধিবেশনের সূচনা হয়। রাজ্যপালের ভাষনের পর বিজনেস এডভাইসোরি কমিটির রিপোর্ট উপস্থাপন এবং গৃহীত হয়। উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল অধ্যক্ষ প্রয়াত বিশ্ববন্ধু সেনের স্মৃতিতে শোকপ্রস্তাব পাঠ করেন। স্মৃতিচারণের পর উপাধ্যক্ষ আজ অধিবেশন মূলতুবি ঘোষণা করেন। অধিবেশন পুনরায় শুরু হবে আগামী ১৬ই মার্চ, সোমবার বেলা ১১টা থেকে। ঐদিন অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ্ রায় ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট পেশ করবেন।

***************************

**Governor Speech :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রাজ্য সরকার ত্রিপুরাকে উত্তর পূর্বাঞ্চলে একটি শক্তিশালী চালিকাশক্তি রূপে প্রতিষ্ঠা করার প্রয়াস গ্রহণ করেছে। আজ রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন, দেশ ২০৪৭ সালের মধ্যে বিকশিত হওয়ার লক্ষ্যে এগিয়ে চলেছে এবং রাজ্য সরকার তাতে যথাযথ সহযোগিতা করছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার দুরদর্শী নেতৃত্বে রাজ্য সরকার অগ্রগতি অর্জন করছে। শিক্ষাক্ষেত্রে তৃতীয় পূর্ণ স্বাক্ষর রাজ্য হিসেবে ত্রিপুরা এক ঐতিহাসিক মাইলফলক অর্জন করেছে। তাছাড়া তিনি বলেন, রাজ্যের গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন এবং আর্থিক অন্তরভূক্তিকরণ শক্তিশালী করতে প্রতিশ্রুতিবদ্ধ রাজ্য সরকার।

######Byte-Governor#####

রাজ্যপাল আরো বলেন, সরকার ২০২৬ সালের মধ্যে গ্রামীণ এলাকায় ১০০ শতাংশ পরিবারে পানীয় জলের সংযোগ সুনিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ। পাশাপাশি পুনঃনবিকরন যোগ্য শক্তি ক্ষেত্রে ত্রিপুরা জাতীয় স্বীকৃতি লাভ করেছে। তিনি বলেন, রাজ্য সরকার জনজাতিদের কল্যানে প্রতিশ্রুতিবদ্ধ। রাজ্যপাল বলেন, ভারত সরকার, ত্রিপুরা, মিজোরাম ও ব্রু শরণার্থীদের মধ্যে চুক্তি অনুযায়ী ৬ হাজার ৯৩৫টি ব্রু পরিবারকে ১২টি স্থানে পুনর্বাসন দেওয়া হয়েছে। শ্রী নাল্লু বলেন, কৃষিক্ষেত্রে অগ্রাধিকার দিয়ে রাজ্য সরকার মুখ্যমন্ত্রী ইন্টিগ্রেটেড ক্রপ ম্যানেজমেন্ট প্রোগ্রাম চালু করেছে। তাছাড়া ন্যাশনাল মিশন অন এডিবল ওয়েল পাম প্রকল্পে ৪ হাজার ১১ হেক্টর এলাকায় পাম চাষ সম্প্রসারিত করেছে। রাজ্যপাল বলেন, সরকার মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনার আওতায় মহিলা ক্ষমতায়ন ও জীবিকা সংক্রান্ত সহায়তা প্রদানে অগ্রাধিকার দিয়েছে। তাছাড়া বৈজ্ঞানিক পদ্ধতিতে মৎস্যচাষ সম্প্রসারিত করার লক্ষ্যে নতুন জলাশয় সৃষ্টি করা হয়েছে।

তিনি বলেন, মহিলা কলেজকে একটি মহিলা বিশ্ববিদ্যালয়ে এবং ত্রিপুরা ইনস্টিটিউট অব টেকনোলজিকে একটি স্টেট্ টেকনিকাল ইউনিভার্সিটিতে উন্নীত করার প্রক্রিয়া শুরু হয়েছে। শ্রী নাল্লু বলেন, তাছাড়া আয়ুষ্মান কার্ড প্রদান সহ যোগাযোগ ব্যবস্থাকে প্রাধান্য দিয়ে রাজ্য সরকার ১০ হাজার ৬১৭ কিলোমিটার দীর্ঘ একটি সড়ক নেটওয়ার্ক পরিচালনা করছে। তাছাড়া মুখ্যমন্ত্রী গ্রাম সম্পর্ক যোজনা, চিফ মিনিস্টারস মডেল ভিলেজ স্কিম চালু করেছে। রাজ্যপাল বলেন পর্যটন ক্ষেত্রের উন্নয়নে রুদ্রসাগর জলাশয়, ডম্বুর জলাশয় সম্প্রসারিত করার সাথে সাথে ইকো ট্যুরিজমের জন্য হাওড়া ও গোমতী নদীতে ট্যার্মিনাল, গ্রিন ভেসেল ও ফ্লোটিং ডেক তৈরী করা হচ্ছে। তাছাড়া ২১টি একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের অনুমোদন সহ মুখ্যমন্ত্রী রাবার মিশনের আওতায় ২৯ হাজার ৫৬১ জন জনজাতি সুবিধাভোগী উপকৃত হয়েছেন। রাজ্যপাল আরো বলেন, রাজ্যে আইন শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হয়েছে। তিনি ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত ও বিকশিত ত্রিপুরা লক্ষ্যে রাজ্য সরকারের উদ্যোগ বিস্তারিত উল্লেখ করেন।

**************************

**Mahila Congress-Press Meet :**

রান্নার গ্যাসের বর্ধিত মূল্য প্রত্যাহারের দাবি জানিয়েছে প্রদেশ মহিলা কংগ্রেস। আজ প্রদেশ কংগ্রেস ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে প্রদেশ কংগ্রেস সভানেত্রী সর্বানী ঘোষ অভিযোগ করেছেন, হঠাৎ করে গ্যাসের দাম বাড়ায় নিম্ন ও মধ্যবিত্ত পরিবারের উপর বাড়তি আর্থিক চাপ পড়েছে। তিনি রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কাছে অবিলম্বে গ্যাসের বাড়তি দাম কমানোর অনুরোধ জানিয়েছেন।

**************************

**Tripura Women Commission :**

ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে আজ উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক মহিলা জন শুনানি অনুষ্ঠিত হয় ধর্মনগর সার্কিট হাউসে। কর্মসূচিতে উপস্থিত ছিলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা, অতিরিক্ত জেলাশাসক L Darlong .

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM–Assam :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নারেঙ্গী–আগরতলা এক্সপ্রেস সহ আসাম থেকে মোট তিনটি এক্সপ্রেস ট্রেনের সূচনা করছেন। অন্য দুটি ট্রেন হলো, কামাক্ষ্যা–চারলাপল্লী অমৃত ভারত এক্সপ্রেস ও গুয়াহাটি–নিউ জলপাইগুড়ি এক্সপ্রেস। এদিকে আজ আসামের গুয়াহাটি থেকে প্রধানমন্ত্রী ভার্চুয়ালভাবে কোকরাঝাড়ে একটি জনসভায় বক্তব্য রাখতে গিয়ে বলেন, কেন্দ্রীয় সরকার বোড়ো আঞ্চলিক পরিষদ এলাকার সর্বাঙ্গীণ উন্নয়নের লক্ষ্যে কাজ করছে এবং দ্রুত উন্নয়নের লক্ষ্যে ১৫০০ কোটি টাকা মঞ্জুর করেছে। প্রতিকূল

আবহাওয়ার কারণে প্রধানমন্ত্রীর নির্ধারিত কোকরাঝাড় সফর বাতিল করা হয়। ফলে তিনি ভার্চুয়াল মাধ্যমে অনুষ্ঠানে যোগ দেন। প্রধানমন্ত্রী বলেন, বোড়ো অঞ্চলে এখন উন্নয়নের নতুন অধ্যায় শুরু হয়েছে। তিনি জানান, হাজার হাজার যুবক অস্ত্র সমর্পণ করে সমাজের মূলধারায় ফিরে এসেছেন। এদিনের অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শ্রী মোদি অসম মালা তৃতীয় পর্যায়ে সড়ক পরিকাঠামো প্রকল্প, বিটিসি এলাকায় চারটি উড়ালপুল ও দুটি সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তাছাড়া তিনি আসামে ৩৬টি নতুন সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

##### Byte-PM #####

***********************************

**PM Kishan Samman Nidhi :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুয়াহাটি থেকে প্রধানমন্ত্রী-কিষাণ সম্মান নিধির ২২তম কিস্তির ১৮ হাজার ৬৪০ কোটিরও বেশি টাকা, ৯ কোটি ৩২ লক্ষেরও বেশি কৃষকের ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি স্থানান্তর করেন। এছাড়াও প্রধানমন্ত্রী শ্রী মোদী আসামে প্রায় ১৯ হাজার ৬৮০ কোটি টাকার বেশি একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। চুড়াইবাড়ি পর্যন্ত রেললাইন বৈদ্যুতিকরণ প্রকল্পও রয়েছে। প্রধানমন্ত্রী প্রতীকীভাবে আসাম যোগ্য চা বাগান শ্রমিকদের জমির পাট্টা হস্তান্তর করেন এবং ১৫০ মেগাওয়াট কোপিলি জলবিদ্যুৎ প্রকল্প উৎসর্গ করেন।

#####Byte-PM#####

এদিকে, আগরতলার এডিনগরে এগ্রি রিসার্চ সেন্টারে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা ভার্চুয়ালি প্রধানমন্ত্রী শ্রী মোদীর ভাষণ শুনেন। পরে অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে মুখ্যমন্ত্রী জানান, ডিবিটি’র মাধ্যমে ত্রিপুরার ২ লক্ষ ১৬ হাজার কৃষকের ব্যাংক একাউন্টে ৪৬ কোটিরও বেশি টাকা প্রদান করা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ার লক্ষ্যে কাজ করছে রাজ্য সরকার। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী

রতনলাল নাথ, বিধায়ক মিনা রানী সরকার, কৃষি সচিব অপূর্ব রায়, কৃষি অধিকর্তা ফনী ভূষণ জমাতিয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

***********************

**ASHA-Sepahijala :**

মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযান থেকে শুরু করে গ্রামগঞ্জের স্বাস্থ্য পরিষেবা সঠিকভাবে পরিচালনার ক্ষেত্রে আশাকর্মীদের ভূমিকা অপরিসীম। আজ সিপাহীজলা জেলাভিত্তিক আশা কনভেনশনের উদ্বোধন করে একথা বলছেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত। কর্মক্ষেত্রে ভালো অবদানের জন্য সিপাহীজলা জেলার ৫ জন আশাকর্মী ও ৩ জন আশা ফেসিলিটেটরকে ৩০০০ টাকার চেক প্রদান করা হয়। তাছাড়া বিদ্যুৎ নিগমের পক্ষ থেকে ১০ জন আশা ফেসিলিটেটরকে ই-সাইকেল প্রদান করা হয়।

***************************

**Ashwini Vaishnaw :**

কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন, ভারতীয় রেলওয়ে বর্তমানে ট্রেন চলাচলে প্রায় ৭৭ শতাংশ সময়নিষ্ঠতা অর্জন করেছে। এর মধ্যে ২৪টি রেল বিভাগে ট্রেন সময়মতো চলাচলের হার ৯০ শতাংশেরও বেশি। আজ রাজ্যসভায় প্রশ্নোত্তর পর্বে তিনি বলেন, ট্রেনের সময়নিষ্ঠতা বাড়াতে তথ্যপ্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তা-ভিত্তিক বিশ্লেষণ সহ বিভিন্ন আধুনিক পদ্ধতি গ্রহণ করা হয়েছে।

*****************************

**ADC-Voter List :**

রাজ্য নির্বাচন কমিশন আসন্ন ADC নির্বাচনের জন্য আজ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছে। সংশ্লিষ্ট সমস্ত মহকুমা শাসক আজ সবকটি রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে সর্বদলীয় বৈঠক করেন। বৈঠকে

রাজনৈতিক দলের প্রতিনিধিদের হাতে চূড়ান্ত ভোটার তালিকার কপি তুলে দেওয়া হয়।

**************************

**Jal Mohatsav :**

জল অপচয়ের বিরুদ্ধে এবং জল সংরক্ষনে জনসচেতনতা বাড়াতে আজ দক্ষিন জেলার ঋষ্যমুখে রতনপুরের ঈশ্বরচন্দ্র হাইস্কুলে পানীয় জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের উদ্যোগে জল মহোৎসব ও জল অর্পন দিবস পালিত হয়। জল জীবন মিশনের অধীনে রতনপুর ভিলেজের প্রতিটি বাড়িতে পানীয় জল পৌঁছে দেওয়া এবং ভিলেজ এলাকায় গড়ে উঠা নলকূপভিলেজ কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয় বলে জানান দপ্তরের বিলোনিয়া বিভাগের নির্বাহী বাস্তুকার বিজন দেববর্মা।

***********************

**Weather :**

আগামীকাল রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৬ ডিগ্রি সেলসিয়াস।

****************************